ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ
রাজশাহী বিশ্ববিদ্যালয়

# নিয়োগ বিজ্ঞপ্তি

**আইবিএস/ই-২১/২৫/২৬৫** **তারিখঃ ৩০-০৪-২৫**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজে নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম ও সংখ্যা | বিষয়ের নাম ও সংখ্যা | বেতন স্কেল |
|---|---|---|
| ফেলো (সহকারী অধ্যাপক)-৭টি/ সহযোগী অধ্যাপক-৩টি | বাংলা-১, ইংরেজি-১, ইতিহাস-১, রাষ্ট্রবিজ্ঞান-১, অর্থনীতি-১, ব্যবসা প্রশাসন-১, ভূগোল-১, ফোকলোর-১, আইন-১, নৃ-বিজ্ঞান-১, মনোবিজ্ঞান-১ | ফেলো (সহকারী অধ্যাপক): টা. ৩৫,৫০০-৬৭,০১০/- ও সহযোগী অধ্যাপক: ৫০,০০০/-৭১,২০০/- ৮ম জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী প্রচলিত ভাতাদি। |

উপর্যুক্ত প্রতিটি পদসমূহে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, আবেদন ফি সম্পর্কিত বিস্তারিত বিবরণ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের www.ru.ac.bd/ibs/তে পাওয়া যাবে। আবেদনপত্র ডাউনলোড করে পূরণ পূর্বক ১১ (এগার) সেট দরখাস্ত আগামী ২২-০৫-২০২৫ তারিখ বিকাল ৫টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে। প্রতি পদের জন্য প্রতি সেট দরখাস্তের সাথে সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার নম্বরপত্র ও সার্টিফিকেট, চাকুরিরত প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র, চাকুরির অভিজ্ঞতার সার্টিফিকেট, সকল প্রকার গবেষণামূলক প্রবন্ধের কপি, জাতীয় পরিচয়পত্রের কপি সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, যারা ২০২৩ সালের বিজ্ঞাপিত পদের বিপরীতে যাঁরা আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

**শিক্ষাগত যোগ্যতা: ফেলো (সহকারী অধ্যাপক)**

ক. সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

খ. সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

গ. বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহ; ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট-এর ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে।

ঘ. কলা অনুষদভুক্ত বিভাগের প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে।

ঙ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন। তবে বিষয়ভিত্তিক ওয়াল্ড র‍্যাংকিং-এ প্রথম ২০০-এর মধে স্থান প্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে মেধাতালিকার এ ক্রমধারা শিথিলযোগ্য।

চ. প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ০১ (এক) বছরের শিক্ষকতা, স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয়ের ০১ (এক) বছরের গবেষণার অভিজ্ঞতা অথবা বিশ্ববিদ্যালয়ে অন্তত ০১ (এক) বছরের পোস্ট ডক্টোরাল অভিজ্ঞতা থাকতে হবে।

ছ. স্বীকৃত পিয়ার রিভিউড/ক্লারিভেট (Clarivate) ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন/ইনডেক্সড জার্নালে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে First/Corresponding Author হিসেবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা হতে হবে।

**শিক্ষাগত যোগ্যতা: সহযোগী অধ্যাপক**

ক. সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

খ. সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

গ. বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহ এবং ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট ও শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট-এর ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম

৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে।

ঘ. কলা অনুষদভুক্ত বিভাগের প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে।

ঙ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন। তবে বিষয়ভিত্তিক ওয়াল্ড র‍্যাংকিং-এ প্রথম ২০০-এর মধ্যে স্থান প্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে মেধাতালিকার এ ক্রমধারা শিথিলযোগ্য।

চ. সহকারী অধ্যাপক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ০৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে পিএইচডি পরবর্তী ০৭ (সাত) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

ছ. বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহের প্রার্থীর ক্ষেত্রে স্বীকৃত পিয়ার রিভিউড/ক্লারিভেট (Clarivate) ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন জার্নালে এবং সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহের প্রার্থীর ক্ষেত্রে স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড জার্নালে ন্যূনতম ০৭ (সাত)টি প্রকাশনা থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে অথবা গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে শেষের ০৪ (চার) বৎসরে ন্যূনতম ০৪ (চার)টি প্রকাশনা থাকতে হবে। এই চারটির মধ্যে প্রার্থীকে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনার First/Corresponding Author হিসেবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা হতে হবে।



(প্রফেসর ড. এম. মোস্তফা কামাল)
পরিচালক
ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ
রাজশাহী বিশ্ববিদ্যালয়